দর্শনা ফিলিং স্টেশন থেকে ট্রাক চুরি

দর্শনা ফিলিং স্টেশন থেকে একটি ট্রাক চুরির ঘটনা ঘটিছেয়ে একটি চোর চক্র। জনা গেছে গতকাল শুক্রবার ভোর সাড়ে ৫ টার দিকে একটি হলুদ রঙ্গের ট্রাক যার নং ঝিনাইদহ ট ১১-১৪৩০ দর্শনা ফিলিং স্টেশন থেকে গাড়ির দরজা ভেঙ্গে একটি চোরচক্র গাড়িটা নিয়ে পালিয়ে যায়। সকাল বেলা ট্রাকের মালিক দর্শনা তেল পাম্পে গিয়ে দেখে তার গাড়িটা নাই। সাথে সাথে তেল পাম্প মালিককে জনালে তার সিসি ক্যামেরা দেখে বলে গাড়িটা ভোর সাড়ে ৫ টার দিকে নিয়ে গেছে।
এ ঘটনায় গাড়ির মালিক দর্শনা কলেজ পাড়ার মৃত্য দ্বীন মোহাম্মদের ছেলে হাসান রেজা বাদলের কাছে জানতে চাইলে তিন বলেন গত পরশু দর্শনা কেরু’র চিনি নিয়ে কুষ্টিয়া গিয়েছিল, সেখান থেকে কুষ্টিয়ার বালি বোঝায় করে নিয়ে আসে আমার ড্রাইভার আলামিন। গাড়িটা আনলোড করে দর্শনা ফিলিং স্টেশনে রেখে দেয়। ভোরের দিকে গাড়িটা নিয়ে যায় একটি চোরচক্র। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাবব্বুর রহমান কাজল ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং ট্রাকটি চুরির বিষয়টি নিশ্চিত করেছেন।
এ ঘটনায় ট্রাক মালিক দর্শনা থানায় একটি জিডি করেবে বলে জানায়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-পার্থী শাহীন উদ্দীন শাহীন এর নির্বাচনী কর্মীসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও মুজিবনগর উপজেলার ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ-প্রার্থী মেহেরপুর জেলা পরিষদের সদস্য এবং বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহীন উদ্দীন শাহীনের সমর্থনে মুজিবনগর

উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগরের আনন্দবাস গ্রামের ৭,৮,৯ ওয়ার্ডবাসির আয়োজনে এ নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী কর্মীসভায় বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন এর সভাপতিত্বে, কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ও আসন্ন বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী শাহীন উদ্দীন শাহীন। কর্মীসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।
নির্বাচনী কর্মীসভায় আগামী নির্বাচনে শাহীন উদ্দীন শাহীনকে বাগোয়ান ইউনিয়নের নৌকার পার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনয়ন দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করতে আনন্দবাস গ্রামের ৭,৮,৯ নং ওয়ার্ডের সর্বস্তরের জনসাধারণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এর কাছে দাবি জানান।

ঝিনাইদহে চ্যাম্পিয়ন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

“বিতর্ক মানে যুক্তি, বিজ্ঞানে মুক্তি” এই শ্লোগানকে সামনে রেখে বিএফএফ-সমকাল জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগীতা -২০২১ এর ঝিনাইদহ জেলার প্রতিযোগিতা গতকাল শুক্রবার ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগীতায় ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় টানা ৭ম বার ঝিনাইদহ জেলা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে ।
প্রতিযোগিতায় রানার্সআপ হয়েছে মুক্তিযোদ্ধা মসিউর রহমান বালিকা বিদ্যালয়, ঝিনাইদহ দল। শ্রেষ্ট বক্তা নির্বাচিত হয়েছেন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দলনেতা খন্দকার মায়েশা রহমান।
গতকাল শুক্রবার সকাল ১০ টায় সুহৃদ সমাবেশ ঝিনাইদহ জেলার সভাপতি উপাধ্যক্ষ আব্দুস সালামের সভাপতিত্বে প্রতিযোগিতার উদ্ভোধন করেন ঝিনাইদহ সরকারি কেসি কলেজ এর অধ্যক্ষ ড.বি এম রেজাউল করিম।

গাংনীর গাঁড়াবাড়ীয়াতে বসত বাড়িতে আগুন ক্ষতি গ্রস্ত ১০ পরিবার

গাংনীর গাঁড়াবাড়ীয়াতে বসত বাড়িতে আগুন লেগে ক্ষতি গ্রস্ত হয়েছে ১০ টি পরিবার।
গতকাল শুক্রবার বিকাল ৩.৩০ মিনিটের সময় গাঁড়াবাড়ীয়া মাঠপাড়াতে আগুন লাগার ঘটনা ঘটে। স্থানীয়রা জানান স্বার্থকের রান্না ঘর থেকে আগুনের সূত্রপাত হয়। এরপর তামাকঘরে ও কাটু মিয়ার দুই তালায় আগুন লেগে আগুনের তীব্রতা বেড়ে পাশের বাড়ির ইন্দাদুলের ২ তালা বাড়ির উপরে বিচুলীর পালাতে আগুন লাগে। পরে আগুন আশে পাশে ছড়িয়ে পড়ে। গাঁড়াবাড়ীয়া মাঠপাড়ার ১০ বাড়িতে আগুন ছড়িয়ে গিয়ে কয়েক ঘন্টা শুধু আগুনের রাজ্যে পরিণত হয়েছিল। বামুন্দী ফায়ার সার্ভিস এসে আগুন নিয়ন্ত্রণে আনেন।
স্থানীদের মধ্যে মেহের আলী জানান আগুনে পুড়ে ক্ষতি হয়েছে ১০ পরিবার এবং কাটু মিয়ার দুই তালার ঘরের আসবাবপত্র পুড়েছায় হয়েছে। এ বিষয়ে ইন্দাদুল হক জানান পাশের বাড়ি আগুন লেগেছে শুনে দৌড়ে এসে দেখি দাও দাও করছে সব।
এ বিষয়ে স্বর্থক আলী জানান আমার রান্না ঘর, তামাক ঘর সব পুড়ে ছায় হয়ে গিয়েছে। কিছুদিন পরেই আমার তামাক ভাঙা শুরু হবে এখন কি করে পোড়াবো?

কুষ্টিয়ায় ডিবি পরিচয়ে ছিনতাইকারী যুবক আটক

কুষ্টিয়ায় ডিবি পরিচয়ে ট্রাক ছিনতাইকালে রনি আহাম্মেদ নামে এক ছিনতাইকারীকে আটক করেছে র্যাব -১২ সিপিসি ক্যাম্পের অভিযানিক দল। গতকাল শুক্রবার সকাল ৬ টার দিকে ছিনতাইয়ের উদ্দেশ্যে ব্যবহৃত খেলনা পিস্তল ও ছিনতাইয়ে ব্যবহৃত অন্যান্য সামগ্রীসহ এই

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পবিত্র কোরআন তেলাওয়াত দিয়ে শুরু হওয়া মিলনমেলার স্মৃতিচারণমূলক আলোচনা ও পরিচিতি পর্বে সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যবসায়ী ও পদ্মবিলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বজলুর রহমান মালিক। স্মৃতিচারণমূলক অনুষ্ঠানে বন্ধুরা দীর্ঘদিন পরে একে অপরকে কাছে পেয়ে আবেগ আপ্লুত হয়ে জড়িয়ে ধরে উচ্ছ্বাস প্রকাশের পাশাপাশি আনন্দ অশ্রু ঝরাণ। এ মিলন উপস্থিতি বন্ধুদের গড় বয়স ৬৫ বছর। এ বয়সেও সকলে এক সাথে আড্ডা, কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশন মেতে ওঠেন।
মিলনমেলার সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন চুয়াডাঙ্গা ডিএফএ’র সভাপতি ও জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম লাড্ডু। এ ছাড়া বন্ধুদের মধ্যে পেশাগত ভাবে দায়িত্বপালনকারী হিসেবে উপস্থিত ছিলেন সাবেক অধ্যক্ষ শ্যামল কুমার সাহা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন ৭২’র বন্ধু সোহরাব হোসেন।

দর্শনা-মুজিবনগর সড়কের কালভার্ট নির্মাণে নেই কোন সতর্ক চিহ্ন: প্রতিদিন ঘটছে ছোট-বড় দুর্ঘটনা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা-মুজিবনগর সড়কের উন্নয়ন কাজ ইতোমধ্যই শুরু হয়েছে। রাস্তাটির প্রশস্থ বাড়ানো ও সংস্কারের আগে রাস্তাটির বেশ কয়েক জায়গায় কালভার্ট নির্মানের কাজ চলছে।রাস্তাটির কালভার্ট নির্মাণে সড়কের উপর আগে থেকেই কোন সতর্ক চিহ্ন না থাকায় পথচারীরা হঠাৎ করে নির্মাণাধীন কালভার্টের কাছে পৌঁছে সড়ক দুর্ঘটনার মুখোমুখি হচ্ছে। বিশেষ করে অন্য জেলা থেকে আসা মটরসাইকেল আরোহীসহ ট্রাক, মিনিট্রাক পড়ছে চরম ভোগান্তিতে।
বড় ধরনের সড়ক দুর্ঘটনা এড়াতে প্রতিটি কালভার্ট নির্মাণের স্থানে সতর্কতা চিহ্ন বা সতকর্তামূলক লেখা দিয়ে দুর্ঘটনা থেকে সাধারণ

মানুষকে বাঁচাতে সংশ্লিষ্ট কৃতপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী ও সচেতন মহল।

কোটচাঁদপুরে হোটেলের গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ড অল্পের জন্য রক্ষা পেলেন সাবেক এমপি

ঝিনাইদহের কোটচাঁদপুরে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে খাবার হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এঘটনায় অল্পের জন্য রক্ষা পেয়েছেন ঝিনাইদহ-৩ আসনের সাবেক এমপি ও কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক নবী নেওয়াজ।
এ সময় দলীয় নেতা-কর্মী ছাড়াও থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিন প্রাণে রক্ষা পেয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকালে স্থানীয় মেইন বাসস্ট্যান্ডের সুইট হোটেল এন্ড রেস্টুুরেন্টে এ দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। হোটেল মালিক আব্দুর রহিম জানান, গতকাল বৃহস্পতিবার বিকালে আমার মালিকানাধীন সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টের প্রবেশ মুখে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে হটাৎ অগ্নিকাণ্ড ঘটে।
এ সময় হোটেলের মধ্যে সাবেক সংসদ সদস্য অধ্যাপক নবী নেওয়াজ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিনসহ স্থানীয় আ. লীগের নেতা-কর্মীরা অবস্থান করছিল। হটাৎ অগ্নিকাণ্ডে সবাই আতঙ্কিত হয়ে হোটেলের পিছনের দরজা দিয়ে বের হয়ে যায়। পরে ফায়ার সার্ভিস ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। এতে হতাহতের কোন ঘটনা ঘটেনি।
ঘটনার সত্যতা নিশ্চিত করে মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, নেতা-কর্মীদের সাথে নিয়ে সাবেক সংসদ সদস্য নবী নেওয়াজসহ আমি সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টে বসে চা খাচ্ছিলাম। এ সময় হটাৎ গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ওসি জানান, বড় কোন দুর্ঘটনা না ঘটে অল্পের জন্য সবাই রক্ষা পেয়েছেন।